# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## কোম্পানি সচিবালয়
## বোর্ড উপবিভাগ
## বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : মার্চ, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
তারিখ ও সময় : ২১ মার্চ, ২০২৪ দুপুর ২.০০ ঘটিকা
সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ নিয়ে ১টি প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে। 5 Wells এর প্রস্তাব খুব শীঘ্রই পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক বেগমগঞ্জ-৫, ৬, সুনেত্র-২ খনন প্রকল্পের বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে পরিকল্পনা কমিশনে বাপেক্স কর্তৃক প্রস্তাবিত একটি প্রকল্পের উপর অনুষ্ঠিত পিইসি সভার বিষয়ে জানান যে, এখন থেকে প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতে কোন বরাদ্দ না রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (রসায়ন) জনাব শ্যামল কুমার বালো জানান যে, শ্রমিক হিসেবে অনুমোদন নিতে গেলে মন্ত্রণালয়ে অনুমোদন নিতে সমস্যা হয় এবং বাপেক্সের অস্থায়ী শ্রমিকদের দক্ষ-১, দক্ষ-২ হিসেবেও অনুমোদন নেয়া যায় না।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, কাজ নাই মজুরি নাই হিসেবে পূর্বে অনুমোদন নেওয়া যেত। কিন্তু বর্তমানে পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী স্থায়ী এবং Outsourcing হিসেবে নেয়া যায়।<br>আলোচনায় অংশ নিয়ে এ পর্যায়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব বলেন যে, বর্তমান নিয়মে শ্রমিক নিয়োগের অনুমোদন না পাওয়া গেলে বিষয়টি অন্তর্ভুক্ত করে বাজেট বৃদ্ধি করতে হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক কোনো প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয় করার পরামর্শ প্রদান করেন। | (ক) বেগমগঞ্জ-৫, ৬, সুনেত্র-২ খনন প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) 5 Wells এর DPP দ্রুত পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয় করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সকল মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বাপেক্সের ভবিষ্যত কর্মপরিকল্পনার আওতায় আগামী ২০২৬ থেকে ২০২৮ সালের মধ্যে ৩১টি ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে একটি রিগ শিডিউল প্রস্তুত করা প্রয়োজন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (ভূপদার্থিক) নতুন প্রকল্পের ক্ষেত্রে কিছু অংশ Local Currency এবং কিছু অংশ ডলারে পেমেন্টের বিষয়ে আলাদাভাবে দেখানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন।<br>আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, ২ডি/৩ডি প্রকল্প নিলে প্রজেক্ট অনুমোদন নেয়ার ক্ষেত্রে সময়ক্ষেপণ হয়। তাই নিজস্ব অর্থায়নে ২ডি/৩ডি করা যায় কিনা তা বিবেচনা করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামী ২০২৬ থেকে ২০২৮ সালের মধ্যে ৩১টি ওয়ার্কওভার কার্যক্রমের শিডিউল নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং মহাব্যবস্থাপক (প্লানিং ও আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | (ক) আগামী ২০২৬ থেকে ২০২৮ সালের মধ্যে ৩১টি ওয়ার্কওভার শিডিউল নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং মহাব্যবস্থাপক (প্লানিং ও আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক প্রকৌ. শাহ মোঃ সিরাজুস সালেকিন সভায় জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত Ministry Assessment Format (MAF) যথাযথভাবে পূরণ করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার জন্য চাহিদাকৃত তথ্যাদি প্রেরণ করা হয়েছে। শীঘ্রই PEC সভা অনুষ্ঠিত হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জানান যে, ইতোমধ্যে মন্ত্রণালয়ের সুপারিশ পাওয়া গেছে। প্রস্তাবটি যেহেতু একনেকে যাবে তাই আরো তথ্য যুক্ত করার পরামর্শ প্রদান করেন। | ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা ও মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ২০০০ বর্গ কিলোমিটার ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণ করার প্রস্তাব নথিতে উত্থাপন করে মতামতের জন্য G&G কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কিলোমিটার ৩ডি সাইসমিক সার্ভের একটি প্রস্তাব প্রস্তুতির কাজ চলমান রয়েছে। আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূ-পদার্থিক) বেগম সাবিহা আক্তার খানম সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কিলোমিটার ৩ডি সাইসমিক সার্ভে আউটসোর্সিং এর মাধ্যমে করার প্রস্তাব করেন।<br>ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | (ক) চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ), ভূপদার্থিক বিভাগ<br>২। উপমহাব্যবস্থাপক, ডাটা প্রসেসিং উপবিভাগ, ভূপদার্থিক বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (প্রশাসন) পূর্বের কমিটি Revise করে নতুন কমিটি গঠন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। তিনি পূর্বের কমিটি হতে তথ্য এখনো পাননি বলে সভাকে জানালে উপমহাব্যবস্থাপক (যান্ত্রিক) ও প্রকল্প পরিচালক প্রকৌশলী মোহাম্মদ মনিরুজ্জামান সভায় জানান যে, শীঘ্রই সকল তথ্য নতুন কমিটির নিকট হস্তান্তর করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সময়ের মধ্যে অকেজো মালামালের তালিকা চূড়ান্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন এবং আগামী সমন্বয় সভার পূর্বে প্রতিবেদন জমা দেয়ার নির্দেশ দেন। | পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, অকেজো ঘোষণা কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল) ও সদস্য-সচিব, অকেজো ঘোষণা কমিটি |
| ৬ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ আনিছুর রহমান সোহেল জানান যে, 2000 HP রিগ এর Specifications-সহ Tender ডকুমেন্টস এবং IFT পরিচালনা পর্ষদের ৪৭৮তম সভায় অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সার্বিক অগ্রগতি সন্তোষজনক। | (ক) প্রকল্পের দরপত্র আহবান ত্বরান্বিত করতে হবে।<br>(খ) মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৭ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, পরিচালানা পর্ষদের ৪৭৮তম সভায় বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে প্রেরিত RFP DOCUMENT এর বিপরীতে প্রাপ্ত কারিগরি প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদন এবং মূল্যায়নে উত্তীর্ণ প্রতিষ্ঠান দুটির আর্থিক প্রস্তাব উন্মোচন করার জন্য অনুমোদিত হয়েছে।<br>আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক ড. মোঃ আশিক হোসেন ইতোমধ্যে DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি সন্তোষজনক বলে সভাকে অবহিত করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা দেন। | (ক) বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>(খ)আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(গ)DPP অনুমোদনের জন্য পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | অডিট আপত্তি | ব্যবস্থাপনা পরিচালক বোর্ডে উপস্থাপনের জন্য জবাবসহ কার্যপত্র প্রস্তুত করা হয়েছে কি না জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক(নিরীক্ষা) অডিট আপত্তির জবাব প্রস্তুতের কাজ প্রায় শেষ পর্যায়ে বলে সভাকে অবহিত করেন। গঠিত কমিটির সাথে বসে আলোচনা করে জবাব ঠিক করা গেলে আরও শ্রেয় হবে বলে মতমত প্রদান করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তিসমূহের জবাবসহ কার্যপত্র দ্রুত প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন।আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, কমিটির সবাই যেহেতু দাপ্তরিক কাজে ব্যস্ত সেহেতু বন্ধের দিনে কমিটি সভায় বসলে সবাই উপস্থিত হতে পারবে এবং একটিচূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে মর্মে মতামত ব্যক্ত করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, যেহেতু অডিট আপত্তিসমূহ কোন না কোন উপবিভাগের সাথে সংশ্লিষ্ট সেহেতু সকল উপ-মহাব্যবস্থাপকগণকেও অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সভায় রাখার এবং কমিটিকে এ বিষয়ে আরো বেশি তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন।<br><br>এ পর্যায়ে উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) অডিট আপত্তির জবাব প্রস্তুত থাকলেও কমিটির মিটিং আয়োজন করা যায়নি মর্মে সভাকে অবহিত করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, পেট্রোবাংলা, মন্ত্রণালয়, অডিট অধিদপ্তর ও বাপেক্সের মধ্যে তৃপক্ষীয় সভায় ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলে তার মধ্য থেকে ৪ টি আপত্তি নিষ্পত্তির পত্র জারি হয়েছে এবং সর্বশেষ সভায় আরো ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক অডিট অধিদপ্তরের চাহিদা অনুযায়ী জবাব তৈরির জন্য সকল বিভাগের মহাব্যবস্থাপকগণকে নিজ নিজ বিভাগ সংশ্লিষ্ট অডিট আপত্তিগুলোর জবাব দেখে দেওয়ার নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি কমিটিকেও জবাবগুলো দেখে দেওয়ার নির্দেশ দেন।<br>তিনি অডিট আপত্তির জবাব দেওয়ার পূর্বে অডিট টিমের সাথে সভা করার নির্দেশ দেন।<br><br>আলোচনার এ পর্যায়ে উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) আগামী ০৪ মার্চ ১৫টি অডিট আপত্তির বিষয়ে একটি সভা আনুষ্ঠিত হবে বলে অবহিত করেন।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে একটি কার্যপত্র তৈরি করার নির্দেশনা দেন। | (ক) অডিটআপত্তিসমূহের জবাবসহ দ্রুত বোর্ড পেপার প্রস্তুত করতে হবে।<br><br>(খ) অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির অগ্রগতির বিষয়ে একটি কার্যপত্র কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহ্বায়ক, অডিট আপত্তি নিষ্পত্তি কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | হালদা কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, হালদা কূপে ওয়ার্কওভারের জন্য জমি ভাড়ার বিষয়ে BSRM কর্তৃপক্ষের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। আর্থিক বিষয় নিয়ে এখনো সমঝোতা হয়নি বলেও জানান তিনি। BSRM কর্তৃপক্ষ জমি ভাড়া বাবদ ৫ লক্ষ করে চেয়েছে তবে বাপেক্স ২ লক্ষ টাকা জমি ভাড়ার প্রস্তাব দিয়েছে বলেও সভাকে অবহিত করেন তিনি।<br><br>আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), মহাব্যবস্থাপক (নির্মাণ), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং আরো একজন কর্মকর্তাসহ BSRM এর DMD পর্যায়ের কর্মকর্তার সাথে সভা করার নির্দেশ দেন এবং এক্ষেত্রে প্রয়োজনে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানির সহযোগিতা নেওয়ার পরামর্শ প্রদান করেন এবং BSRM কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ক) ভূমি সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ) BSRM কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২।মহাব্যবস্থাপক (খনন)<br>৩।মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | এ পর্যায়ে উপ-মহাব্যবস্থাপক বেগম সাবিহা আক্তার খানম নতুন অর্গানোগ্রামে অফশোর (Off-shore) উপ-বিভাগ রাখা যায় কিনা জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক বিষয়টি যুক্তিসহকারে প্রস্তাব উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক এপ্রিল ২০২৪ মাসের মধ্যে নতুন অর্গানোগ্রাম তৈরি সম্পন্ন করার নির্দেশ দেন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়নের কাজ চলমান রাখার পরামর্শ প্রদান করেন। | এপ্রিল ২০২৪ মাসের মধ্যে নতুন অর্গানোগ্রাম তৈরি সম্পন্ন করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |
| ১১ | APAসংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন)আরো জানানযে, এপিএ সংক্রান্ত কার্যক্রম এখন পর্যন্ত সন্তোষজনক। বাকী কাজগুলো সফলভাবে সম্পন্নের বিষয়ে আশাবাদী বলে মতামত প্রকাশ করেন।<br><br>উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান জানান যে, 5 Tools এর কিছু বিষয় এপিএতেও থাকায় সেগুলো বাদ দিয়ে এপিএ প্রণয়ন করতে হবে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক জানান যে, শিখন পদ্ধতিটি পেট্রোবাংলায় চালু আছে এবং এটি বাপেক্সেও চালু করার নির্দেশ দেন। প্রথমে ড্রিলিং সম্পর্কিত বিষয় নিয়ে শিখন পদ্ধতি চালু করার পরামর্শ দেন।<br><br>মহাব্যবস্থাপক (আইসিটি) ২০২৪-২৫ সালের খসড়া এপিএ নিয়ে Meeting অনুষ্ঠিত হওয়ার কথা সভাকে অবহিত করেন।<br><br>আলোচনায় অংশ নিয়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের ল্যাবে গ্যাস সিলিন্ডার থাকায় এটি বেশ ঝুকিপূর্ণ বলে আশঙ্কা প্রকাশ করে ল্যাব বাপেক্স ভবণের বাহিরে করা যায় কিনা তা বিবেচনা করতে বলেন। | ক) প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের সোমবার APA-এর অগ্রগতি বিষয়ক সভার আয়োজন করতে হবে।<br>খ) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে।<br>(গ) শিখন পদ্ধতি বাপেক্সে চালু করতে হবে।<br><br>(ঘ) বাপেক্সের ল্যাবের ঝুঁকি নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ল্যাব), মহাব্যবস্থাপক (নির্মাণ, উপমহাব্যবস্থাপক (সেইফটি-সদস্য সচিব), উপমহাব্যবস্থাপক (সেবা) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি<br>২। প্রকল্প পরিচালক, সুন্দলপুর-৩, বেগমগঞ্জ- ৪ প্রকল্প (3 Wells)<br>৪। উপমহাব্যবস্থাপক (এইচ.আর.এম.) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক একটি কমিটি গঠন করে ল্যাবে যে সকল গ্যাস সিলিন্ডার এবং ক্যামিকেল ব্যবহৃত হয় সেসবের মোট ঝুঁকি নির্নয় করতে বলেন। কমিটিতে Service এর একজন প্রতিনিধি রাখার নির্দেশনা দেন।<br>কমিটিঃ মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ল্যাব, মহাব্যবস্থাপক (নির্মাণ), উপমহাব্যবস্থাপক (সেইফটি-সদস্য সচিব), উপমহাব্যবস্থাপক (সেবা)। | | |
| ১২ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করা আবশ্যক। তিনিপেট্রোবাংলা কর্তৃক সাম্প্রতিক সময়ে আয়োজিত অগ্নিমহড়ার বিষয়টি উল্লেখ করে বাপেক্সে একইধরণের অগ্নিমহড়া আয়োজন করা হয় কি না জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এনভায়রনমেন্ট) অবহিত করেন যে, গত বছর এপ্রিল মাসে বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালকশীতের পরেই আগুন লাগার ঝুঁকি বেশি থাকার কথা উল্লেখ করে অগ্নিমহড়া আয়োজনের গুরুত্বের কথা তুলে ধরে আগামী মার্চ ২০২৪ মাসে বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেন।<br>এ পর্যায়ে উপ-মহাব্যবস্থাপক(সেবা) ফায়ার সার্ভিসকে মার্চ ২০২৪ এর মধ্যে অগ্নিমহড়া আয়োজনের বিষয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছেমর্মে সভাকে অবহিত করেন।<br>ব্যবস্থাপনা পরিচালক দ্রুত অগ্রিম মহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | আগামী মার্চ ২০২৪-এ বাপেক্স ভবনে অগ্নিমহড়া আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন্ডবায়নমেন্ট)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৩ | বিবিধ: | নতুন যোগদানকৃত সহকারী ড্রিলার, ট্রেইনি ড্রিলারদের খনন সংক্রান্ত আন্তর্জাতিক লাইসেন্স নেই। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন। | নতুন যোগদানকৃত সহকারি ড্রিলার, ট্রেইনি ড্রিলারদেরকে IWCF (International Well Control Forum) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক(খনন) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনাকরে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

2/8/2028

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/প্রকল্প ব্যবস্থাপক..........................................,বাপেক্স।
৪) অফিস কপি।